স্নাতক (সাম্মানিক) পরীক্ষা 2024

বাংলা বিভাগ

সেমেস্টার IV   কোর্স CC-8

উনিশ ও বিশ শতকের কাব্য

সময়: ৩ ঘন্টা   পূর্ণমান – ৬০

প্রশ্নের মান ডান দিকে দেওয়া হল।

প্রত্যেক একক থেকে একটি করে উত্তর লিখতে হবে। ১০ সংখ্যক প্রশ্নের উত্তর বাধ্যতামূলক।

একক – ১

১। ঈশ্বর গুপ্ত কবি ও চিত্রকর এই দুই শিল্পীর মধ্যে কাকে কেন শ্রেষ্ঠ বলে মনে করেন? তাঁর এই অভিমত কতটা গ্রহণযোগ্য? পাঠ্য কবিতা অবলম্বনে প্রশ্ন দুটির উত্তর দাও। ১৫

২। ঈশ্বর গুপ্তের কবিতায় মুখের ভাষার জগৎ কীভাবে উঠে এসেছে, প্রাসঙ্গিক পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১৫

৩। কবি ঈশ্বর গুপ্ত বাঙালির আত্মপরিচয়ের প্রশ্নটিকে যুগসন্ধির সূত্রে তাঁর কবিতার মধ্যে নানাভাবে উত্থাপন করেছিলেন। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১৫

একক – ২

৪। "সদর্পে কন্দর্প নামে মীনধ্বজরথী,
পঞ্চ খর শর তূণে, পুষ্পধনুঃ হাতে,
আক্রমিছে পরাক্রমী অসহায় পুরী;–
কে তারে রক্ষিবে, সখে, তুমি না রক্ষিলে?"

– প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃত ছত্রগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১৫

৫. "··· রবির বিরহে,
নলিনী মলিনী যথা তোমার বিহনে!"

এই ছত্রগুলির আলোকে দ্রৌপদীর পাপবোধ ও প্রেমধর্মের স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৬। "নীলধ্বজের প্রতি জনা" পত্রে জনার মাতৃসত্তা ও ক্ষাত্রধর্ম কীভাবে সার্থকতা লাভ করেছে ব্যাখ্যা করো। ১৫

একক – ৩

৭। 'জীবনদেবতা' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের জীবনদেবতা-তত্ত্বটি বুঝিয়ে দাও। ১৫

৮। "বলাকা"র 'ছবি' এবং "পূরবী"র 'কৃতজ্ঞ' – দুটি কবিতার মধ্যেই ভুলে যাওয়ার কথা থাকলেও একটা ভিন্নতর স্বীকৃতিও রয়েছে – কবিতা দুটির আলোচনাসূত্রে মন্তব্যটি ব্যাখ্যা করো। ১৫

৯। 'আফ্রিকা' কবিতাটি সম্পর্কে একটি সামগ্রিক পর্যালোচনা করো। ১৫

১০. টীকা লেখো(যে-কোনো তিনটি) ৩ x ৫ = ১৫

ক। সাংস্কৃতিক জাতীয়তাবাদ ও ঈশ্বর গুপ্ত

খ। 'খাঁটি বাঙ্গালী কবি'

গ। "শুনি বৈদর্ভীর কথা, ধরিতাম ফাঁদে
রাজহংসে"

ঘ। "ধর্ম-শব্দ মুখে, – গতি অধর্মের পথে!"

ঙ। ভ্রষ্টলগ্ন সম্পর্কিত রবীন্দ্রনাথের দুটি গান

চ। "মানুষের অহংকার-পটেই
বিশ্বকর্মার বিশ্বশিল্প।

স্নাতক পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : CC 9

বিশ শতকের কবিতা

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। সত্যেন্দ্রনাথ দত্তের কবিতায় বাংলার গ্রামের সৌন্দর্য যেভাবে ফুটে উঠেছে তা কিছুটা রবীন্দ্রনাথের কবিতার অনুসরণ। এই কথাটি তুমি কী যুক্তিযুক্ত মনে করো? আলোচনা করো। ১৫

২। 'সত্য সত্য সহস্রগুণ সত্য জীবের দুখ' — 'দুঃখবাদী' কবিতায় কবি দুঃখের কোন্ সত্যকে প্রকাশ করেছেন? রবীন্দ্র-সমকালে এই কবিতার অভিনবত্ব কোথায় বুঝিয়ে দাও। ৮+৭=১৫

৩। 'কুলি-মজুর' কবিতায় কবির সাম্য ভাবনার পরিচয় দাও। কবি এখানে কোন্ শুভদিনের আগমনের কথা বলেছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১৫

একক — ২

৪। জীবনানন্দ দাশের 'বোধ' কবিতাটি অনুসরণ করে 'বোধ'এর সংকট ও তার স্বরূপ সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

৫। অমিয় চক্রবর্তীর 'বৃষ্টি' কবিতাটি ('কেঁদেও পাবে না যাকে —')-র প্রথম স্তবকদুটির সাপেক্ষে শেষ স্তবকটির বিশেষত্ব কোথায়? এই শেষ স্তবকটি সম্পর্কে তোমার নিজস্ব মূল্যায়ন যুক্তিসহ উপস্থাপন করো। ১০+৫=১৫

৬। প্রেমেন্দ্র মিত্রের 'দশানন' কবিতায় মোটের উপর মানুষ সম্পর্কে কবির যে সদর্থক প্রত্যয় ব্যক্ত হয়েছে তা কবিতাটি স্মরণে রেখে পর্যালোচনা করো। ১৫

একক — ৩

৭। সুভাষ মুখোপাধ্যায়ের 'সকলের গান' এবং 'মিছিলের মুখ' কবিতায় কবি কীভাবে রাজনৈতিক ভাষ্যকে কবিতায় রূপান্তর ঘটিয়েছেন আলোচনা করো। ১৫

৮। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুখোশ' কবিতার মধ্য দিয়ে কবি কীভাবে অবক্ষয়ের ছবি এঁকে যুবক-যুবতীদের আলোর সন্ধানী করবার প্রয়াস করেছেন তা বুঝিয়ে দাও। ১৫

৯। শক্তি চট্টোপাধ্যায়ের 'ও চির প্রণম্য অগ্নি' কবিতায় কবির মৃত্যু ও জীবনবোধের পরিচয় দাও। ১৫

১০। যে-কোনো তিনটি টীকা লেখো: ৩x৫=১৫

ক) 'সাধের বীণাটি করিয়া দোসর/ যাইতাম চলি বিজন বনে'।

খ) 'অনেক দধীচি হাড় দিল ভাই / দানব দৈত্যে তবু মরে নাই'।

গ) 'মোর আপনারে আমি নবজন্ম করিয়াছি দান'।

ঘ) 'চকিত গলির প্রান্তে লাল আভা দুরন্ত সিঁদুর পরায় মুহূর্ত টিপ'।

ঙ) 'কমরেড, আজ নবযুগ আনবে না?'

চ) 'প্রথমে পোড়াও ঐ পা দুটি যা চলচ্ছক্তিহীন'।

—

স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২৪

সাম্মানিক বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: CC-10

(নির্বাচিত বাংলা নাটক)

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৬০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'সাজাহান' নাটকের সাজাহানকে দ্বিজেন্দ্রলাল যেভাবে উপস্থাপিত করেছেন তার পরিচয় দাও। ১৫

২। 'সাজাহান' নাটকে গানের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১৫

৩। 'সাজাহান' নাটকে দিলদার চরিত্রটির গুরুত্ব সম্পর্কে লেখো। ১৫

একক-২

৪। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে সমকালীন সমাজের নানা সমস্যার যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো। ১৫

৫। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভক্তপ্রসাদ চরিত্র সৃষ্টিতে মধুসূদনের কৃতিত্ব ব্যাখ্যা করো। ১৫

৬। 'বুড় সালিকের ঘড়ে রোঁ' প্রহসনে হাস্যরস সৃষ্টিতে মধুসূদনের সার্থকতা আলোচনা করো। ১৫

একক-৩

৭। 'সাজানো বাগান' নাটকে বাঞ্ছারামের ভূমিকার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

৮। 'সাজানো বাগান' নাটকটির নামকরণ কতটা তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে লেখো। ১৫

৯। 'সাজানো বাগান' নাটকটি কীভাবে পদ্ম-র জীবন-সংগ্রামের সঙ্গে অন্বিত হয়ে গেছে— আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো **তিনটি**): ৩x৫=১৫

(ক) জাহানারা

(খ) মহম্মদ

(গ) বাচস্পতি

(ঘ) ফতেমা

(ঙ) ছকড়ি দত্ত

(চ) 'সাজানো বাগান' নাটকে চোর

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা - ২০২৪

বাংলা

সেমেস্টার : 8 কোর্স : SEC-2

(অনুবাদ)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ২৫

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৫ নং প্রশ্নের উত্তর আবশ্যিক।

১। 'অনুবাদ তত্ত্ব' বলতে কী বোঝ ? একজন অনুবাদককে কী কী ধরনের চ্যালেঞ্জের মোকাবিলা করতে হয় ? অনুবাদের 'skopos' থিয়োরি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
৩+৪+৩=১০

অথবা

২। একটি এক ও অভিন্ন টেক্সটকে সোর্স ল্যাংগুয়েজ থেকে টার্গেট ল্যাংগুয়েজে রূপান্তরিত করা হয়েছে এমন তিনটি অনুবাদকর্মের তুলনামূলক পর্যালোচনা করে দেখাও সেগুলির অনুবাদে কী কী নীতি অনুসৃত হয়েছে ? ৬+৪=১০

৩। অনুবাদ করবার পূর্বপটটি বিবৃত করে 'গীতাঞ্জলি'র অনুবাদে রবীন্দ্রনাথের পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

৪। টি.এস.এলিয়টের কোন কবিতা অবলম্বনে কেমন করে রবীন্দ্রনাথের 'তীর্থযাত্রী' কবিতাটি লেখা হয় সে-বিষয়ে আলোচনা করো। ১০

৫। প্রদত্ত অংশটি বাংলায় অনুবাদ করো : ৫

You know that now we have banks and people deposit money there and draw it out by cheques. Where does this money come from ? If you think about it you will see that this money is all surplus, that is people do not want to spend it all at one time and so they keep it in banks. The rich people today are those who have plenty of this surplus, the poor have none at all.

Undergraduate Examination — 2024

Semester IV CBCS

Bengali

Generic Elective Course (GEC- 4)

(সাহিত্য ও চলচ্চিত্র)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। আদিযুগ থেকে প্রাক্-সত্যজিৎ রায় পর্যন্ত বাংলা চলচ্চিত্রের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো। ১৫

২। সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' ছবির কয়েকটি দৃশ্য অবলম্বনে সাহিত্যের চলচ্চিত্রে রূপায়ণ প্রক্রিয়াটি আলোচনা করো। ১৫

৩। 'বাইশে শ্রাবণ', 'ইন্টারভিউ', 'পদাতিক' এবং 'খারিজ' অবলম্বনে মৃণাল সেনের চলচ্চিত্র ভাবনার পরিচয় দাও। ১৫

একক - ২

৪। 'চলচ্চিত্রের ভাষা : সেকাল ও একাল' প্রবন্ধ অবলম্বনে নির্বাক যুগের ইওরোপ ও আমেরিকার ছবি বিষয়ে সংক্ষেপ আলোচনা করো। ১৫

৫। 'অতীতের বাংলা ছবি' অনুসরণে প্রথম যুগের সবাক বাংলা ছবি নিয়ে সংক্ষেপে আলোচনা করো। এইসব ছবি নিয়ে প্রাবন্ধিকের মনোভাবের পরিচয় দাও। ১০+৫=১৫

৬। 'সাহিত্য ও চলচ্চিত্র' প্রবন্ধ অবলম্বনে মৃণাল সেন চলচ্চিত্রে কীভাবে সাহিত্যকে রূপায়ণ করতে চান তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

একক - ৩

৭। সম্পাদক ভূপতির কাজ ও ভাবনার জগৎ সত্যজিতের চিত্রনাট্যে কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো। ১৫

৮। মৃণাল সেনের 'একদিন প্রতিদিন' ছবিতে মধ্যবিত্ত পরিবারের অর্থনৈতিক ও সামাজিক বাস্তবতা কীভাবে ব্যক্ত হয়েছে তা আলোচনা করো। ১৫

৯। 'তাহাদের কথা' চিত্রনাট্যের দশ এবং পনেরো এই দুটি দৃশ্য এবং মহীতোষ চরিত্র অবলম্বনে চিত্রনাট্য নির্মাণে বুদ্ধদেব দাশগুপ্তের স্বাতন্ত্র্য আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩X ৫= ১৫

ক) হীরালাল সেন

খ) ম্যাডান থিয়েটার

গ) নিওরিয়ালিজম ধারার সিনেমা

ঘ) লেখক অমল

ঙ) 'একদিন প্রতিদিন' ছবিতে চিনুর বাড়ি না-ফেরার কারণের অনুল্লেখ

চ) শিবনাথের ছেলে জ্যোতি